ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১১৮৩

আগরতলা, ১১ সেপ্টেম্বর, ২০২৪

**পুরাতন আগরতলা ব্লকে আসন্ন শারদোৎসব নিয়ে সভা**

জিরানীয়া মহকুমার পুরাতন আগরতলা ব্লকে গতকাল আসন্ন শারদোৎসব নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। মহকুমা প্রশাসনের উদ্যোগে ব্লকের গীতবিতান হলে অনুষ্ঠিত এই সভায় সভাপতিত্ব করেন পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ঝর্ণা রাণী দাস। সভায় অতিরিক্ত মহকুমা শাসক অনিমেষ ধর শারদোৎসবের দিনগুলিতে শান্তি ও সম্প্রীতি বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, সরকারি নিয়মাবলী মেনে সুষ্ঠু ও সুন্দরভাবে শারদোৎসবের আয়োজন করতে হবে। সভায় অতিরিক্ত মহকুমা শাসক শারদোৎসব সংক্রান্ত সরকারি নির্দেশিকা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সভায় মহকুমা পুলিশ আধিকারিক কমলকৃষ্ণ কলই পূজো প্যান্ডেলগুলিতে নিরাপত্তার জন্য সিসি টিভি ক্যামেরা রাখার প্রস্তাব দেন। সভায় পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির প্রাক্তন চেয়ারম্যান বিশ্বজিৎ শীল ক্লাব ও পূজো কমিটিগুলিকে এলাকায় বৃক্ষরোপণ করার পরামর্শ দেন। সভায় উপস্থিত ছিলেন প্রাক্তন মন্ত্রী প্রকাশ চন্দ্র দাস, পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান মন্টি দেবনাথ ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

*******